বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
প্রশাসন বিভাগ, শাখা-২ (শৃঙ্খলা)
www.caab.gov.bd

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২২১.১৫.২১১.১৫.১৭০

তারিখ: ৬ কার্তিক ১৪২৭
২১ অক্টোবর ২০২০

বিষয়: **জনাব মোহাম্মদ দুলাল মিয়া (পিতা-মোহাম্মদ মধু মিয়া), পরিচ্ছন্নতাকর্মী এর বিরুদ্ধে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি)-এর কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর ৩৯ (ক) ও (গ) প্রবিধির আওতায় যথাক্রমে 'দায়িত্ব পালনে অবহেলা' ও 'পলায়ন'-এর অভিযোগে বিভাগীয় মামলা নং-২৪৯/২০২০ দায়ের।**

যেহেতু, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকায় পদায়িত ও কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজারে সংযুক্তকৃত আপনি, জনাব মোহাম্মদ দুলাল মিয়া, পরিচ্ছন্নতাকর্মী (পিতা-মোহাম্মদ মধু মিয়া) গত ১৮/০৩/২০২০ খ্রিঃ তারিখ ০২ (দুই) দিনের নৈমিত্তিক ছুটিতে সংলগ্নীকৃত কর্মস্থল ত্যাগ করেন এবং ছুটি ভোগের পর কাজে যোগদান না করে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন মর্মে কক্সবাজার বিমানবন্দর ব্যবস্থাপক পত্রের মাধ্যমে এ দপ্তরকে অবহিত করেন;

যেহেতু, কাজে যোগদানের জন্য আপনার বরাবর কক্সবাজার বিমানবন্দর হতে ১৩/০৪/২০২০, ১৫/০৫/২০২০ ও ২০/০৮/২০২০ খ্রিঃ তারিখ ৩ (তিন)টি পত্র প্রেরণ করা হলেও আপনি কাজে যোগদান করেননি;

যেহেতু, বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় সদর দপ্তর কর্তৃক আপনার কৈফিয়ত তলব করা হয়;

যেহেতু, নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পরও আপনি কোন জবাব দাখিল না করায় একটি তাগিদপত্র দেয়া হয়;

যেহেতু, তাগিদপত্র মোতাবেক আপনি জবাব দাখিল করেন এবং জবাবে শারীরিক অসুস্থতার কথা উল্লেখ করলেও এর সপক্ষে কোন ডাক্তারি সনদপত্র বা চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র সংযুক্ত করেননি;

যেহেতু, বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে ইতিপূর্বে আপনার ০২ (দুই) দিনের বেতন কর্তন করা হয়;

যেহেতু, আপনার এ ধরনের আচরণ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর প্রবিধি ৩৯ (ক) ও (গ) মোতাবেক যথাক্রমে 'দায়িত্ব পালনে অবহেলা' ও 'পলায়ন'-এর সংজ্ঞায়িত অপরাধ;

সেহেতু, আপনার বিরুদ্ধে বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি)-এর কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর ৩৯ (ক) ও (গ) প্রবিধি মোতাবেক যথাক্রমে 'দায়িত্ব পালনে অবহেলা' ও 'পলায়ন'-এর অভিযোগ আনয়ন করা হলো।

বর্ণিত অভিযোগ হেতু কেন আপনাকে উক্ত প্রবিধানমালার ৪০(১)(খ)(ঈ) প্রবিধি মোতাবেক চাকুরি হতে 'বরখাস্ত' করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না, অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি তার জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো। আপনি ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (সিএএবি)-এর কর্মচারি চাকুরি প্রবিধানমালার ৪৩(১)(ক) প্রবিধি মোতাবেক

অভিযোগ বিবরণীর এক কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

সংযুক্ত: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

২২-১০-২০২০
মো: মিজানুর রহমান
সদস্য (প্রশাসন)

জনাব মোহাম্মদ দুলাল মিয়া, পিতা-মোহাম্মদ মধু মিয়া,
পরিচ্ছন্নতাকর্মী
কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজার। আবাসিক ঠিকানা: বাসা নং-পি-৫/২২, সিএবি স্টাফ কোয়াটার, কাওলার, কুর্মিটোলা, বিমানবন্দর, ঢাকা। স্থায়ী ঠিকানা: গ্রাম-রাজবল্লভপুর, ডাকঘর-গুনবতী, উপজেলা-চৌদ্দগ্রাম, জেলা-

স্মারক নম্বর: ৩০.৩১.০০০০.২২১.১৫.২১১.১৫.১৭০/১(৯)

তারিখ: ৬ কার্তিক ১৪২৭
২১ অক্টোবর ২০২০

অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) পরিচালক (প্রশাসন), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
২) পরিচালক (যোগাযোগ), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩) পরিচালক (অর্থ), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৪) পরিচালক (হশাআবি), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৫) উপ-পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা), বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৬) পিএস টু চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৭) সহকারী পরিচালক (হিসাব), হযরত শাহজালাল আন্তঃ বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
৮) সহকারী পরিচালক (প্রশাসন), হযরত শাহজালাল আন্তঃ বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
৯) বিমানবন্দর ব্যবস্থাপক, কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজার।

২২-১০-২০২০
মো: মিজানুর রহমান
সদস্য (প্রশাসন)

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
প্রশাসন বিভাগ, শাখা-২ (শৃঙ্খলা)
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
www.caab.gov.bd

অভিযোগ বিবরণী

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকায় পদায়িত ও কক্সবাজার বিমানবন্দর, কক্সবাজারে সংযুক্তকৃতজনাব মোহাম্মদ দুলাল মিয়া, পরিচ্ছন্নতাকর্মী (পিতা-মোহাম্মদ মধু মিয়া) গত ১৮/০৩/২০২০ খ্রিঃ তারিখ ২ (দুই) দিনের নৈমিত্তিক ছুটিতে সংলগ্নীকৃত কর্মস্থল ত্যাগ করেন এবং ছুটি ভোগের পর কাজে যোগদান না করে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন। কাজে যোগদানের জন্য তার বরাবর কক্সবাজার বিমানবন্দর হতে ১৩/০৪/২০২০, ১৫/০৫/২০২০ ও ২০/০৮/২০২০ তারিখ ০৩ (তিন)টি পত্র প্রেরণ করা হলেও তিনি কাজে যোগদান করেননি। বিষয়টি কক্সবাজার বিমানবন্দর ব্যবস্থাপক এ দপ্তরকে অবহিত করেন। বিনানুমতিতে দীর্ঘদিন কর্মস্থলে অনুপস্থিত থাকায় সদর দপ্তর কর্তৃক তার কৈফিয়ত তলব করা হয়। নির্ধারিত সময়সীমা অতিক্রান্ত হওয়ার পরও তিনি কোন জবাব দাখিল না করায় একটি তাগিদপত্র দেয়া হয়। তাগিদপত্র মোতাবেক তিনি জবাব দাখিল করেন এবং জবাবে শারীরিক অসুস্থতার কথা উল্লেখ করলেও এর সপক্ষে কোন ডাক্তারি সনদপত্র বা চিকিৎসা সংক্রান্ত কাগজপত্র সংযুক্ত করেননি। বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে ইতিপূর্বে তার ০২ (দুই) দিনের বেতন কর্তন করা হয়েছিল।

তার এহেন কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের কর্মচারি চাকুরি প্রবিধানমালা, ১৯৮৮ এর বিধি ৩৯ (ক) ও (গ) মোতাবেক যথাক্রমে ‘দায়িত্ব পালনে অবহেলা’ ও ‘পলায়ন’ এর সংজ্ঞায়িত অপরাধ।